ঢাকা ওয়াসা

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের নিরীক্ষক (সিএ ফার্ম) নিয়োগের নিমিত্ত সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণকে আপ্যায়ন ও মধ্যাহ্ন ভোজ/নৈশ ভোজ বাবদ অস্থায়ী অগ্রিম অনুমোদন।

১। ঢাকা ওয়াসার ২০২৪-২০২৫ অর্থ বছরের আর্থিক বিবরণী, সাধারণ ভবিষ্যৎ তহবিল এবং পেনশন ও অবসরজনিত সুবিধাদি তহবিলের নিরীক্ষক (সিএ ফার্ম) নিয়োগের নিমিত্ত কারিগরী ও আর্থিক প্রস্তাব মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির ৩টি সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণকে আপ্যায়ন ও মধ্যাহ্ন ভোজ/নৈশ ভোজের ব্যবস্থা করার প্রয়োজন।

০২। উক্ত কার্য সম্পাদনের নিমিত্ত ৩টি সভায় গড়ে ১৫ (পনেরো) জন কর্মকর্তা ও কর্মচারীগণকে

ক) আপ্যায়ন বাবদ ৪০ (চল্লিশ) টাকা হারে ১৫*৪০*৩=১৮০০ (আঠারো শত) টাকা মাত্র এবং

খ) মধ্যাহ্ন ভোজ/নৈশ ভোজ বাবদ ৫০০/-(পাঁচ শত) টাকা হারে মোট ১৫*৫০০*৩=২২,৫০০-(বাইশ হাজার পাঁচ শত) টাকা মাত্র প্রয়োজন।

এছাড়া অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ ৭০০ (সাত শত) টাকা মাত্র প্রয়োজন।

৩। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসায় দাপ্তরিক সভা এবং বোর্ড/কমিটি/কমিশন ইত্যাদির সভায় আপ্যায়ন ব্যয়ের হার না থাকায় অর্থ-মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫ (অংশ-১)-৩৭, তারিখ-২৪.০৮.২০২০ খ্রিঃ এ জারিকৃত পরিপত্রের প্রশাসনিক ব্যয়ের ক্রমিক নং-১৮ (সংযুক্তি-২) অনুযায়ী উক্ত কার্যসম্পাদনের আপ্যায়ন ও মধ্যাহ্ন ভোজ/নৈশ ভোজের ব্যয় অনুমোদন করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, আলোচ্য কার্য সম্পাদনের নিমিত্ত উক্ত সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণকে আপ্যায়ন বাবদ ৩টি সভায় গড়ে ১৫ (পনেরো) জন কর্মকর্তা ও কর্মচারীগণকে ৪০ (চল্লিশ) টাকা হারে ১৫*৪০*৩=১৮০০ (আঠারো শত) টাকা, মধ্যাহ্ন ভোজ/নৈশ ভোজ বাবদ ৫০০/-(পাঁচ শত) টাকা হারে মোট (১৫*৫০০*৩)=২২,৫০০-(বাইশ হাজার পাঁচ শত) টাকা এবং আনুষঙ্গিক খরচ বাবদ ৭০০/-(সাত শত) টাকা মাত্র প্রয়োজন। সর্বমোট ১৮০০+২২,৫০০+৭০০=২৫০০০/- (পঁচিশ হাজার টাকা) মাত্র অস্থায়ী অগ্রিম হিসেবে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে প্রদান করা যেতে পারে। **যা উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।** উক্ত ব্যয়ভার অ্যাকাউন্টস ডিপার্টমেন্টের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেটের "আপ্যায়ন" খাত হতে নির্বাহ করা যেতে পারে। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০৫। নোট অনুচ্ছেদ-১ থেকে ৪ এর প্রস্তাবনা সদয় অনুমোদন করা যেতে পারে।

২৪/১১/২০২৫
কেয়া চৌধুরী
সহকারী হিসাবরক্ষণ
হিসাব বিভাগ

২৪.১১.২৫
জেসমিনারা আলম
হিসাব রক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগ
ঢাকা ওয়াসা।

২৪/১১/২৫
Md. Sona Miah
Chief Accounts Officer
Dhaka WASA

DMD(F) sir
২৪/১১/২৫

CAO